The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 921 | 08 May 2026 | শুক্রবার ২৫ বৈশাখ ১৪৩২




Grace Meng is fighting for Queens

→ Page 19

Mamdani admin to transform two Brooklyn streets into bike boulevards

→ Page 18





Mostafa Kamal Raz's 'Tomader Golpo 2' set to premiere this Eid

→ Page 19

Health Minister Sakhawat Husain's Bold Leap into Bio-Innovation

→ Page 18



# পশ্চিমবঙ্গে গেরুয়া ঝড়ে বাংলাদেশের সতর্কতা

**মাসুদ করিম**, *ঢাকা থেকে*



ভারতের পশ্চিমবঙ্গের বিধান সভার নির্বাচনে ভারতীয় জনতা পার্টি (বিজেপি) সর্বশক্তি প্রয়োগ করে নিরঙ্কুশ বিজয় (২০৬ আসন) লাভ করার পর পাল্টে গেছে রাজনীতির হিসেব নিকেশ। তৃণমূলের সংগ্রহে ৮০টি। 'বিজেপি বিজয়ের পথে' রয়েছে এমন সংবাদ প্রচার হতেই রাজ্যের বিভিন্ন এলাকায় ভাংচুর, তৃণমূল নেতাদের ধরে প্রকাশ্যে মুখে গেরুয়া রং মেখে জামাকাপড় ছিঁড়ে দেয়া, তৃণমূল নেতাদের ধরে গণপিটুনি, মুসলিমদের বাড়িতে হামলা করে লুটপাট করার মতো দাঙ্গার ঘটনা ঘটেছে। নিহত হয়েছে ৪ জন। বিজেপি নেতারা সহিংসতার পর পুলিশকে সরাসরি দাঙ্গা দমনে কঠোর হতে বলেছে। তবে বিজেপির পক্ষ থেকে বলা হয়েছে, এসব অপরাধ করেছে তৃণমূলের কর্মীরা! পরিস্থিতি শান্ত না হতেই বিজেপি নেতা শুভেন্দুর ব্যক্তিগত সহকারীকে বুধবার রাতে তার গাড়ী আটকিয়ে গুলি করে হত্যা করা হয়েছে। এই হত্যাকান্ডকে ঘিরে রাজনীতির মাঠ নতুন করে উত্তপ্ত হয়ে উঠেছে। চাপে রয়েছেন স্বয়ং মমতা ব্যানার্জি ও অভিষেক। এবার পশ্চিমবঙ্গের মানুষ 'জয়বাংলা'র পরিবর্তে 'পদ্মফুল'কে সমর্থন দিয়েছে।

বাংলাদেশ সীমান্ত ঘেঁষা পশ্চিমবঙ্গ রাজ্যটি সেক্যুলার রাজনৈতিক দল দীর্ঘদিন শাসন করেছে। পশ্চিমবঙ্গের মানুষকে সাধারণত অসাম্প্রদায়িক হিসাবে বিবেচনা করা হয়। কিন্তু সেই পশ্চিমবঙ্গে এবার সাম্প্রদায়িক দল বিজেপিকে ভোট দেওয়ায় বিস্ময়ের সৃষ্টি হয়েছে চারদিকে। যদিও এরপর ২০ পৃষ্ঠায়



## আজকাল-এর ব্যবস্থাপনা সম্পাদকের জন্মদিন

আজকাল রিপোর্ট

সাপ্তাহিক আজকালের ব্যবস্থাপনা সম্পাদক, গোল্ডেন এজ হোমকেয়ারের ভাইস প্রেসিডেন্ট ও প্রবাসের জনপ্রিয় কণ্ঠশিল্পী রানো নেওয়াজের জন্মদিন গত ৫মে জ্যাকসন হাইটস্থ গোল্ডেন এজ হোমকেয়ার কার্যালয়ে পালন করা হয়েছে।

গোল্ডেন এজ হোম কেয়ার ও এনওয়াই ইন্স্যুরেন্সের পরিবার, শিল্পী সমাজ, সাহিত্যিক, সাংবাদিক ও বিশিষ্ট ব্যবসায়ীরা ও কমিউনিটি ব্যাক্তিত্বরা ফুল দিয়ে রানো নেওয়াজকে জন্মদিনের শুভেচ্ছা এরপর ৪৬ পৃষ্ঠায়



## মার্কিন যুদ্ধজাহাজে পাল্টা আক্রমণের দাবি তেহরানের

আজকাল ডেস্ক

ইরানের জলসীমায় একটি তেলবাহী ট্যাংকারে মার্কিন হামলার পর যুক্তরাষ্ট্রের নৌবাহিনীর যুদ্ধজাহাজে পাল্টা হামলা চালানোর দাবি করেছে ইরানি সামরিক বাহিনী। এই পাল্টাপাল্টি হামলার ঘটনায় ওয়াশিংটন ও তেহরানের এরপর ২০ পৃষ্ঠায়




## বাংলাদেশ সোসাইটির যৌথ সভা অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

বাংলাদেশ সোসাইটির কার্যকরি কমিটি, বোর্ড অব ট্রাস্টি ও নির্বাচন কমিশনের যৌথ সভা গত ৩ মে রোববার বিকেল বাংলাদেশ সোসাইটির নিজস্ব কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান শাহ নেওয়াজ সভা যৌথভাবে এরপর ২০ পৃষ্ঠায়

## মমতা ব্যানার্জি এখন সাবেক মুখ্যমন্ত্রী



আজকাল ডেস্ক

ভোটে পরাজয়ের পরও ইস্তফা দিতে চাননি মমতা ব্যানার্জি। নানা জল্পনা কল্পনা চলছিল। সাংবিধানিক ক্ষমতা প্রয়োগ করে মমতা ব্যানার্জি নেতৃত্বাধীন সরকার ভেঙে এরপর ২৬ পৃষ্ঠায়



## মন্ত্রীর কাছে যুক্তরাষ্ট্র বিএনপির কমিটি দাবি

আজকাল রিপোর্ট

মন্ত্রী আরিফুলহ হক চৌধুরীর কাছে যুক্তরাষ্ট্র বিএনপির কমিটির দাবি জানালেন নেতাকর্মিরা। জবাবে মন্ত্রী বলেন, আমি প্রধানমন্ত্রী তারেক রহমানকে বলবো। তবে কমিটি যেন সম্মেলনের মাধ্যমে দেয়া হয়। গত ৪ মে এরপর ২০ পৃষ্ঠায়

### যুক্তরাষ্ট্রের আদালতের রায়

## ট্রাম্পের ১০ শতাংশ বৈশ্বিক শুল্ক অবৈধ

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের আরোপ করা সর্বশেষ ১০ শতাংশ বৈশ্বিক শুল্ককে অবৈধ বলে রায় দিয়েছে দেশটির আদালত। রায়ে বলা হয়েছে, এরপর ২০ পৃষ্ঠায়

### ঢাকায় সংবাদ সম্মেলন

## টরোন্টোতে ৪০তম ফোবানার ব্যাপক প্রস্তুতি




আজকাল রিপোর্ট

ফেডারেশন অব বাংলাদেশী এসোসিয়েশনস্ ইন নর্থ আমেরিকা (ফোবানা) ফাউন্ডেশন ৪০তম বর্ষপূর্তি উৎসবে বিশ্বখ্যাত জাদু শিল্পী জুয়েল আইচ, শিল্পী বাপ্পা মজুমদার, হাসান, রবি চৌধুরী, নাসির খানসহ এক ঝাঁক তারকা অংশ নেবে। টরেন্টো ফোবানা নিয়ে গত ৬ মে ঢাকায় বাংলাদেশ শিল্পকলা এরপর ২০ পৃষ্ঠায়

## হরমুজে জাহাজ চালকদের প্রতি ইরানের নতুন নির্দেশনা

আজকাল রিপোর্ট

হরমুজ প্রণালী অতিক্রম করতে চায় এমন জাহাজের জন্য নতুন নিয়মের একটি সেট এরপর ৪৫ পৃষ্ঠায়


























NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
elderplan
Anthem
Hamaspik
RiverSpring Living
MetroPlus Health
SWH
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416

# NY INSURANCE BROKERAGE INC

NYI
NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

## NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**

Design & Print by: ihopeprint.com, 929-538-7903




**CONTACT US:**

SCAN ME


# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

# সামর্থ্য বাড়াতে হবে

মহিউদ্দিন আহমদ

> আমরা আমাদের দেশটাকে ঢেলে সাজানোর সুযোগ পেয়েছিলাম। দেশ স্বাধীন করেছি দুবার। কেউ কেউ মনে করেন, দুবছর আগে আমাদের তৃতীয় স্বাধীনতা এসেছে। অর্থনৈতিক স্বয়ম্ভরতা থেকে আমরা এখনো যোজন যোজন দূরে। এমন একটি পরিস্থিতিতে আমরা যুক্তরাষ্ট্রের সঙ্গে একটা বাণিজ্য চুক্তি করেছি। এর মধ্যে থেকে কীভাবে আমরা আমাদের সামর্থ্য বাড়াতে পারি, সেই চেষ্টা থাকা দরকার। ইতিহাস আমাদের বারবার সুযোগ দিয়েছে। চীন ও ভারতের সঙ্গে আমাদের বাণিজ্য ঘাটতি প্রবল। দেখা যাবে, চীন বা ভারতের জায়গায় চলে এসেছে যুক্তরাষ্ট্র। আমরা যত রপ্তানি করি, আমদানি করি তার চেয়ে বেশি। একটি উন্নয়নকামী দেশের জন্য এটি স্বাভাবিক। কিন্তু দীর্ঘমেয়াদে এটি ভালো নয়। আমরা কি ঘাটতিতেই থেকে যাব? এখান থেকে উত্তরণের ও পরিত্রাণের উপায় খুঁজে বের করতে হবে



যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের বাণিজ্য চুক্তি এখন টক অব দ্য টাউন। অভিযোগ আছে, মুহাম্মদ ইউনূসের অন্তর্বর্তী সরকার ক্ষমতা হস্তান্তরের আগে তড়িঘড়ি করে এ চুক্তি সম্পাদন করে দেশকে বিপদের মধ্যে ফেলে দিয়েছে। বিশ্লেষকরা বলছেন, এতে যুক্তরাষ্ট্র লাভবান হবে এবং বাংলাদেশ তার স্বার্থ জলাঞ্জলি দিয়েছে।

অন্তর্বর্তী সরকার নিজের গা বাঁচাতে বলেছে, চুক্তি সই করার আগে দেশের প্রধান দুই রাজনৈতিক দল বিএনপি ও জামায়াতে ইসলামীর নেতাদের সঙ্গে এ চুক্তি নিয়ে আলাপ হয়েছে এবং তাদের সম্মতির ভিত্তিতেই চুক্তি সই করা হয়েছে। বিএনপি এবং জামায়াত এ ব্যাপারে মুখে কুলুপ এঁটেছে। সাধারণ নাগরিকরা ধন্দে পড়ে গেছেন। দেশের বড় দুই দল যদি এ ব্যাপারে একমত হয়ে থাকে, তাহলে তারা কি জনস্বার্থের বিরুদ্ধে অবস্থান নিয়েছে? দেশের দেখভাল করার দায়িত্ব তো তাদেরই?

একটা বিষয় বেশ পরিষ্কার। এ চুক্তি নিয়ে যুক্তরাষ্ট্র সরকার বেশ উদ্যোগী ছিল। ট্রাম্প প্রশাসন আন্তর্জাতিক বাণিজ্যে অসমতা ও ঘাটতি নিয়ে অনেকদিন ধরেই সোচ্চার ছিল। তারা যেসব দেশ থেকে পণ্য আমদানি করে, সেসব দেশের পণ্যের ওপর অতিরিক্ত শুল্কারোপ করে দেশগুলোকে অস্থির করে তুলেছিল। বাংলাদেশের রপ্তানি বাণিজ্যের অভিঘাত হতে পারত বিপুল। পরে একটা সমঝোতা হয়। শুল্কহার নেমে আসে; কিন্তু বিনিময়ে এমন কিছু শর্তে সায় দিতে হয়, যার সুদূরপ্রসারী প্রভাব পড়তে পারে আমাদের অর্থনীতিতে।

আমাদের সরকারের কর্তারা একটু একটু করে মুখ খুলতে শুরু করেছেন। কেউ বলছেন, এ চুক্তি আগের সরকার করেছে, তার দায় এসে পড়েছে বর্তমান সরকারের ওপর। কেউ বলছেন, এ চুক্তির ফলে বাংলাদেশও লাভবান হবে। নাগরিকরা এতে আশ্বস্ত হতে পারছেন না। ইতোমধ্যে আমরা নাগরিক সমাজ ও কোনো কোনো রাজনৈতিক দলের প্রতিক্রিয়া দেখতে পেয়েছি। এ নিয়ে বাদ-প্রতিবাদ, বিবৃতি, মানববন্ধন-সবই হচ্ছে। বলা হচ্ছে, এটি একটি গোলামির চুক্তি। প্রশ্ন হলো, 'দেশবিরোধী' এ চুক্তি আমরা কেন করেছি? নাকি আমরা এ চুক্তি সই করতে বাধ্য হয়েছি?



এ চুক্তি সই না করলে আমাদের রপ্তানি বাণিজ্য নানা বিধিনিষেধের মধ্যে পড়ত বলে আশঙ্কা ছিল। আমাদের বৈদেশিক বাণিজ্যের একটা বড় অংশের গন্তব্য হচ্ছে যুক্তরাষ্ট্র। আমাদের প্রধান রপ্তানি খাত হলো জনশক্তি এবং তৈরি পোশাক। যুক্তরাষ্ট্র হচ্ছে বাংলাদেশের তৈরি পোশাকের সবচেয়ে বড় আমদানিকারক দেশ। চীন এবং ভিয়েতনামের সঙ্গে হাড্ডাহাড্ডি লড়াই করে বাংলাদেশকে এ অবস্থানে যেতে হয়েছে। বাংলাদেশ চায় না, এ অবস্থানে কোনো হেরফের হোক। এছাড়া, বাংলাদেশে গার্মেন্টস লবি অর্থনৈতিক ও রাজনৈতিকভাবে খুবই শক্তিশালী। এ লবি যা চায়, সেটি পেয়ে যায়।

বাংলাদেশের অর্থনীতি সচল রেখেছে বিদেশ থেকে আমাদের লোকদের পাঠানো রেমিট্যান্স। আমাদের আমদানি ব্যয় এবং বৈদেশিক দেনার একটা বড় অংশ এ রেমিট্যান্স দিয়ে মেটানো হয়। আমদানি ব্যয় যত বাড়ছে, ঋণ যত ঊর্ধ্বমুখী হচ্ছে, রেমিট্যান্সের চাহিদা তত বাড়ছে। কোন মাসে কত রেমিট্যান্স এলো, সেটি আগের বছরের ওই মাসের চেয়ে কম না বেশি, এটি আমাদের সংবাদ শিরোনাম হয় নিয়মিত। বাংলাদেশে রেমিট্যান্স প্রবাহের ক্ষেত্রে যুক্তরাষ্ট্রের অবস্থান দুই বা তিন নম্বরে। এটি কোনো হেলাফেলার বিষয় নয়। বাংলাদেশ যুক্তরাষ্ট্রকে চটাতে গিয়ে দুবার ভাববে।

ডোনাল্ড ট্রাম্প হোয়াইট হাউজে ফিরে এসেই দুনিয়াটাকে অস্থির করে তুলেছেন। শুল্ক নিয়ে তিনি রীতিমতো একটা বিশ্বযুদ্ধ শুরু করে দিয়েছেন। এটা কি তার পাগলামি? আমরা অনেকেই এমনটা ভেবে বিনোদন পাই। ট্রাম্প সবসময় একটা কথা বলেন-আমেরিকা ফার্স্ট। অর্থাৎ সবার ওপরে তার দেশ। তাই যেসব দেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের বাণিজ্য ঘাটতি আছে, তিনি সেসব দেশের সঙ্গে বাণিজ্যিক সমতা তৈরি করতে চান। যুক্তরাষ্ট্রের জাতীয় স্বার্থেই তিনি পদক্ষেপ নিচ্ছেন। তদুপরি আছে যুক্তরাষ্ট্রের ভূ-রাজনৈতিক স্বার্থ। যেসব দেশ যুক্তরাষ্ট্রের প্রতিদ্বন্দ্বী বা বৈরী, যুক্তরাষ্ট্র চায় তার বাণিজ্যিক সহযোগীরা সেসব দেশের সঙ্গে ঢলাঢলি না করুক, সেসব দেশকে এড়িয়ে চলুক। চীনের সঙ্গে বাংলাদেশের 'মাখামাখি' যুক্তরাষ্ট্রের কাছে উদ্বেগের বিষয় হয়ে দাঁড়িয়েছে। যুক্তরাষ্ট্রের কথা হলো, তার কাছ থেকে কিছু পেতে হলে তার কথা শুনতে হবে।

প্রশ্ন হলো, বাংলাদেশ সুবোধ ছাত্রের মতো যুক্তরাষ্ট্রের কথা শুনতে গিয়ে নিজের স্বার্থরক্ষা করতে পারছে কিনা। বাস্তবতা হলো, যুক্তরাষ্ট্র খুবই শক্তিশালী দেশ। তার চোখে চোখ রেখে কথা বলার মতো বুকের পাটা আছে যাদের, তাদের আছে প্রবল সামরিক ও অর্থনৈতিক সামর্থ্য। এর বাইরে কিছু ব্যতিক্রম আছে-যেমন, কিউবা ও ইরান। এ দুটো দেশের জনগণের রাজনৈতিক অঙ্গীকার এবং গণসংহতি তুলনাহীন। আমরা তার ধারেকাছেও নেই। আমাদের রাজনীতি হচ্ছে কলতলার ঝগড়া। এটি সক্ষম করে এরপর ২৯ পৃষ্ঠায়




# এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES

## Toll Free: 1-866-MOIN-LAW
## Cell: 917-282-9256
(To schedule appointment only)


Michael Taub, Esq.


Moin Choudhury, Esq.

এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস
**বিনামূল্যে পরামর্শ**
প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন


- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- কাজের জায়গায় দূর্ঘটনা

**IMMIGRATION**
(Consultation fee applies)







## ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি


Attorney
Michigan Only.


Attorney
Michigan Only.


Attorney
New Jersey Only


Attorney, Buffalo
New York Only


Attorney
Connecticut Only


Attorney
Pennsylvania Only

**WWW.MOINLAW.COM**

Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States. Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

# পশ্চিমবঙ্গের নির্বাচন : অশনিসংকেত

এবার ভারতের নেতা শুভেন্দুর প্রেসক্রিপশন মোতাবেক যদি শেখ হাসিনা বাংলাদেশে দ্বিতীয়বার ফেরার সুযোগ পান এবং তার গলায় ফুলের মালা উঠে তাহলে বাংলাদেশের ভাগ্যাকাশে কী আছে তা আর বলার অপেক্ষা রাখে না। পশ্চিমবঙ্গের বিধানসভার নির্বাচন তাই হিন্দু জাতীয়তাবাদী বিজেপির জন্য এত গুরুত্বপূর্ণ। ভারতের উত্তর-পূর্ব রাজ্যগুলোর আত্মনিয়ন্ত্রণের অধিকার খর্ব করার জন্য বাংলাদেশকে প্রয়োজন এ আধিপত্যবাদী ও সম্প্রসারণবাদী শক্তির। তারা বন্ধুত্বের মাধ্যমে তা করতে চায় না। তাদের প্রত্যাশা হলো, বাংলাদেশকে পদানত করে রাখা এবং যেমন খুশি তেমনভাবে ব্যবহার করা। স্নায়ুযুদ্ধের জটিল বিশ্ব পরিস্থিতিতে পশ্চিমবঙ্গে বিজেপির উত্থানকে বাংলাদেশের রাজনীতিকদের ছোট করে দেখার কোনো অবকাশ নেই। পরাশক্তিগুলো বাংলাদেশের দরজায় কড়া নাড়ছে, সবাইকে তাই সতর্ক থাকতে হবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা

মেজর (অব.) মনজুর কাদের



বঙ্গীয় প্রাদেশিক আইনসভায় বাংলার ভাগ্য নির্ধারিত হয় ১৯৪৭ সালের ২০ জুন। আইনসভার পূর্বাংশের সংখ্যাগরিষ্ঠ মুসলিম লীগের জনপ্রতিনিধিরা সমগ্র বাংলাকে পাকিস্তানভুক্ত করার পক্ষে রায় দেন। কিন্তু বাংলার হিন্দু সংখ্যাগরিষ্ঠ পশ্চিম অংশের নির্বাচিত প্রতিনিধিরা ৫৮-২১ ভোটে পশ্চিম অংশকে ভারতভুক্তির পক্ষে রায় দেয়। এর ফলে বঙ্গভঙ্গ হয়ে 'পশ্চিমবঙ্গ' সৃষ্টি হয়। ৩ জুলাই, ১৯৪৭-এ ১১ সদস্যবিশিষ্ট 'পশ্চিমবঙ্গের' প্রথম মন্ত্রিসভা গঠিত হয়, যার প্রধানমন্ত্রী নিযুক্ত হন প্রফুল্লচন্দ্র ঘোষ। আগস্ট মাসে ব্রিটিশ বাংলা প্রেসিডেন্সি আনুষ্ঠানিকভাবে দুই ভাগে বিভক্ত হলে দুটি স্বাধীন সত্তার জন্ম হয়। মুসলমানপ্রধান পূর্বাঞ্চল নিয়ে গঠিত হয় পাকিস্তানের পূর্ব বাংলা প্রদেশ (পরবর্তীকালে পূর্ব পাকিস্তান) এবং হিন্দুপ্রধান পশ্চিমবঙ্গ নিয়ে গঠিত হয় ভারতের পশ্চিমবঙ্গ রাজ্য।

**প্রধানমন্ত্রী থেকে মুখ্যমন্ত্রী :** ১৯৪৭ সালের আগস্ট মাস থেকে ১৯৫০ সালের জানুয়ারি মাস পর্যন্ত সরকারের প্রধানকে পশ্চিমবঙ্গের প্রধানমন্ত্রী হিসাবে অভিহিত করা হতো। তারপর 'প্রধানমন্ত্রী' শব্দটির পরিবর্তে 'মুখ্যমন্ত্রী' শব্দটি চালু হয়। ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রফুল্লচন্দ্র ঘোষ ছিলেন পশ্চিমবঙ্গের প্রথম প্রধানমন্ত্রী। তিনি মাত্র পাঁচ মাস ওই পদে আসীন ছিলেন। এরপর তারই সহকর্মী ডা. বিধানচন্দ্র রায় তার স্থলাভিষিক্ত হন এবং ১৯৬২ সাল পর্যন্ত টানা ১৪ বছর প্রথমে প্রধানমন্ত্রী ও পরে মুখ্যমন্ত্রীর পদে অধিষ্ঠিত থাকেন। ১ জুলাই, ১৯৬২-এ তার মৃত্যুর পর চলতি বিধানসভার অবশিষ্ট মেয়াদে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর দায়িত্ব পালন করেন প্রফুল্লচন্দ্র সেন, তিনি ১৯৬২ থেকে ২৮ ফেব্রুয়ারি ১৯৬৭ পর্যন্ত মুখ্যমন্ত্রী ছিলেন। এরপর পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হয়েছিলেন অজয় কুমার মুখোপাধ্যায়। তিনি বাংলা কংগ্রেসের নেতা হিসাবে ১ মার্চ, ১৯৬৭ তারিখে মুখ্যমন্ত্রী হিসাবে শপথ নেন এবং ২১ নভেম্বর ১৯৬৭ পর্যন্ত দায়িত্ব পালন করেন। এরপর ১৯৬৭ সালের শেষদিকে কিছু সময়ের জন্য প্রফুল্লচন্দ্র ঘোষ মুখ্যমন্ত্রী হয়েছিলেন।




**পশ্চিমবঙ্গের অস্থিরতা :** এরপর পশ্চিমবঙ্গের রাজনৈতিক পরিস্থিতি কিছুকালের জন্য অস্থির হয়ে ওঠে। ১৯৬৭ থেকে ১৯৭২ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গের ইতিহাসে সবচেয়ে অস্থির রাজনৈতিক অধ্যায় হিসাবে গণ্য করা হয়। জোট সরকার এ সময় ক্ষমতায় আসে। মতবিরোধের কারণে সরকার বারবার ভেঙে যায়। কমিউনিস্ট পার্টি অব ইন্ডিয়া (মার্কসবাদী), কংগ্রেস এবং আঞ্চলিক দলগুলোর মধ্যে তীব্র দ্বন্দ্বের কারণে প্রশাসন প্রায় অচল হয়ে পড়ে। ১৯৬৭ সালে শুরু হয় রাজ্যে সহিংসতা ও অস্থিরতা এবং এর মধ্যে উগ্রবাদীদের উন্মেষ ঘটে। বিধায়কদের (এমএলএ) বারবার দলবদলের কারণে সরকারের আয়ুষ্কাল সীমিত হয়ে যায়। কেন্দ্রীয় হস্তক্ষেপের কারণে রাজ্যে বিরোধী জোট বিপর্যয়ের মুখে পড়ে।

**বিপ্লবীরা সামনে আসে :** এ অবস্থায় ১৯৬৯ সালের ১ মে (মে দিবস) কলকাতার ময়দানে ভারতের কমিউনিস্ট পার্টি (মার্কসবাদী-লেনিনবাদী) বা গঠনের ঘোষণা দেন কানু সান্যাল। চারু মজুমদার এ পার্টির সাধারণ সম্পাদক ও প্রধান তাত্ত্বিক নেতা নিযুক্ত হন। এরপর পার্টি গোপন (আন্ডারগ্রাউন্ড) রাজনীতি শুরু করে। নবগঠিত এ পার্টি মার্কসবাদ-লেনিনবাদ-মাওবাদ (মাও সে তুং-এর চিন্তাধারা) অনুসরণ করতে থাকে। চীনের বিপ্লবের আদলে ভারতে সশস্ত্র কৃষি বিপ্লবের ডাক দিয়েছিলেন এ পার্টির বিপ্লবী নেতারা।

**সরকারের মধ্যে আতঙ্ক :** এ আন্দোলনের কারণে ভারতের তৎকালীন শাসকরা 'আর্বান নকশাল' বা নকশালবাদী আন্দোলনে আতঙ্কিত হয়ে পড়েছিল। ঠিক এ সময়ে বাংলাদেশে মুক্তিযুদ্ধ শুরু হলে এবং প্রায় এক কোটি শরণার্থী পশ্চিম বঙ্গে আশ্রয় নিলে কংগ্রেস সরকার নিশ্বাস নেওয়ার সময় পায়। আতঙ্কিত কংগ্রেস সরকারের তীব্র দমনপীড়নের মুখে পড়ে পার্টি। হাজার হাজার তরুণ মেধাবী নেতা কর্মীকে হত্যা করে হুগলি নদীতে ভাসিয়ে দেওয়া হয়। সেন্ট্রাল রিজার্ভ পুলিশ (সিআরপি)-এর অত্যাচারের কাহিনি আজও পশ্চিমবঙ্গের মানুষের মনের মধ্যে ভয় ধরিয়ে দেয়। এ ভয়াবহ দমন-পীড়ন নিয়ে প্রখ্যাত চলচ্চিত্র পরিচালক মৃণাল সেন 'ক্যালকাটা ৭১' নামের ছায়াছবি নির্মাণ করেন। ১৯৭২ সালে পুলিশ চারু মজুমদারকে গ্রেফতার করে। পুলিশ লক-আপে চারু মজুমদারের মৃত্যু হয়। চারু মজুমদারের মতাদর্শ ভারতের বামপন্থি রাজনীতিতে একটি আমূল পরিবর্তনবাদী ধারার জন্ম দিয়েছিল, যা আজও নকশালবাড়ি আন্দোলন হিসাবে পরিচিত হয়ে আছে এবং ভারতের ১১টি রাজ্যে তারা সক্রিয় রয়েছে।

**পশ্চিমবঙ্গে কংগ্রেসের বিপর্যয় : কমিউনিস্ট পার্টির (মার্কসবাদী) উত্থান :** ১৯৬৭ থেকে ১৯৭২ সাল পর্যন্ত রাজ্যে মোট চারটি জোট সরকার গঠিত হয় এবং তিনবার সীমিত সময়ের জন্য রাষ্ট্রপতি শাসন জারি হয়। এরপর সিদ্ধার্থশঙ্কর রায়ের মুখ্যমন্ত্রিত্বে কংগ্রেস পাঁচ বছরের পূর্ণ মেয়াদে পশ্চিমবঙ্গে সরকার পরিচালনা করে। ১৯৭৭ সালের নির্বাচনে ভারতের কমিউনিস্ট পার্টির (মার্কসবাদী) নেতৃত্বে বামফ্রন্ট বিপুল ভোটে জয়লাভ করে। টানা ২৩ বছর জ্যোতি বসু পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর দায়িত্ব পালন করেন। দীর্ঘকালীন মুখ্যমন্ত্রিত্বের এটি একটি এরপর ২৯ পৃষ্ঠায়

# ভারতে বাম রাজনীতি কি শেষ হওয়ার পথে

রাজিউল হাসান

ভারতে একসময় বামপন্থীদের অবস্থা ছিল রমরমা। যদিও কেন্দ্রীয় সরকারের ক্ষমতায় তারা কোনো দিনই আসেনি। তবে দেশটির জাতীয় ও আঞ্চলিক রাজনীতিতে তাদের প্রভাব ছিল অনেক। কিন্তু সেই প্রভাব এখন ক্ষয়িষ্ণু। বামপন্থী রাজনীতির অবস্থা এতটাই নাজেহাল যে এবারের বিধানসভা নির্বাচনে তাদের হাতে থাকা শেষ রাজ্য, কেরালাও হাতছাড়া হয়েছে। ফলে দীর্ঘ প্রায় সাত দশক পর এই প্রথম ভারতের কোনো রাজ্যেই আর বামেরা ক্ষমতায় থাকছে না।

সমতার প্রতিশ্রুতি দেওয়া বামপন্থী রাজনীতির এই করুণ হাল নিয়ে অবশ্যই গবেষণা হতে পারে। একসময় সোভিয়েত প্রভাবে যে বামপন্থার উত্থান ঘটেছিল, পুঁজিবাদী মতাদর্শকে তারা চ্যালেঞ্জ জানিয়েছিল, সেই বামপন্থার এমন করুণ দশার মধ্যে অবশ্যই কারণ রয়েছে।

ভারতের বামপন্থা রাজনীতির ইতিহাস ও বর্তমান করুণ দশা নিয়ে আলোচনার আগে এই আদর্শের রাজনীতির বৈশ্বিক দুটি ধারা নিয়ে আলোচনা হওয়া দরকার। একটি মস্কোপন্থী আরেকটি হলো চীনপন্থী ধারা। মস্কোপন্থী বা সাবেক সোভিয়েত ইউনিয়নপন্থী বামধারার রাজনীতি এখন আর নেই বললেই চলে। পুঁজিবাদের কাছে পর্যুদস্ত হয়ে সোভিয়েত ইউনিয়নে সমাজতন্ত্রের পতন ঘটেছে ১৯৯০ সালেই। তবে এখনো বহাল তবিয়তে টিকে আছে চীনপন্থী বামধারা।

মস্কোপন্থী বামধারার আদর্শের সবচেয়ে বড় দুর্বলতা ছিল পুঁজিবাদের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতায় যাওয়া। যেভাবে ব্যক্তিমাত্রই পুঁজির প্রতি প্রবল ঝোঁক থাকে, সেখানে সমাজে সমতা সৃষ্টির নামে আয়সীমা ও সম্পদের সীমা নির্দিষ্ট করা, সম্পদ জাতীয়করণ, যৌথ খামার উদ্যোগ ব্যক্তির সম্পদ অর্জনের স্পৃহার সঙ্গে পুরোদমে সাংঘর্ষিক। একই সঙ্গে পার্টি নেতৃত্বের আমলাতান্ত্রিকতা এবং চাপিয়ে দেওয়ার রাজনীতিও তাদের পতনের কারণ বলে অভিযোগ আছে। ফলে মস্কোপন্থী বামধারা পুঁজিবাদের কাছে হেরে গেছে।

তবে চীনা কমিউনিস্ট পার্টি এ ক্ষেত্রে দারুণ একটি পথ অনুসরণ করেছে। তারা বামধারার রাজনৈতিক আদর্শের সঙ্গে মুক্তবাজার অর্থনীতি ও পুঁজিবাদের সংমিশ্রণ ঘটিয়েছে। ফলে চীনা কমিউনিস্ট পার্টির নেতৃত্ব তাসের ঘরের মতো ধসে পড়েনি।

এবার আসা যাক, ভারতে বামধারার রাজনীতির আলোচনায়। ভারতসহ পুরো উপমহাদেশেই বামপন্থা রাজনীতিতে রুশ ও চীনপন্থী ধারা এখনো রয়ে গেছে। যদিও আদর্শিক জায়গায় তারা কতটা এই দুই ধারায় অটল রয়েছে, তা নিয়ে প্রশ্ন থাকতেই পারে। তবে এটুকু নিশ্চিত, ভারতে দুই ধারার বামপন্থারই অবস্থান এখন জনমানুষ থেকে অনেক দূরে। তারা তাত্ত্বিকভাবে এখনো সমতার স্বপ্ন দেখায়, কিন্তু সুযোগ পাওয়ার পর তার বাস্তব প্রয়োগ তারা কতটুকু রাখতে পেরেছে, সে প্রশ্ন থেকেই যায়।

ভারতে বামপন্থার রাজনীতির ইতিহাস ঘাঁটলে দেখা যায়, তারা সুযোগ পেয়েছে। পুরো ভারতকে ছাপিয়ে যাওয়ার সম্ভাবনাও তৈরি হয়েছিল। কিন্তু শেষ পর্যন্ত তারা আর পারেনি। বরং জনতার পছন্দের জায়গা থেকে দিনে দিনে সরে গেছে। তাদের অবস্থা এখন এতটাই নাজুক যে, কোনো রাজ্যে ক্ষমতায় থাকা তো দূরের কথা, জোটসঙ্গী হয়ে ক্ষমতার সুবাতাস পেতে দর-কষাকষির অবস্থানেও নেই তারা।



ভারতে বামপন্থী রাজনীতির উত্থানের সূচনা ষাটের দশকের শেষ দিকে। ১৯৫৭ সালে কেরালায় বিধানসভা নির্বাচনে বিজয়ী হয়ে ইলামকুলাম নালাক্কাল শঙ্করান নামবুদিরিপাড়ের হাত ধরে ভারতের কমিউনিস্ট পার্টি (মার্ক্সবাদী) ক্ষমতায় আসে। তবে এর আগেই ১৯৫৫ সালে পাত্তোম এ. থানু পিল্লাইয়ের হাত ধরে প্রজা সমাজতন্ত্রী পার্টি ক্ষমতায় এসে বুঝিয়ে দেয়, কেরালায় বামপন্থী হাওয়া বইতে শুরু করেছে। এরপর নামবুদিরিপাড় তো বামের রাজত্বই প্রতিষ্ঠা করেন। এরপর এবারের বিধানসভা নির্বাচনের আগ পর্যন্ত প্রায় সাত দশক ধরে এই রাজ্য কখনো কংগ্রেস, কখনো কমিউনিস্ট পার্টি শাসন করেছে। সর্বশেষ পিনারাই বিজয়নের নেতৃত্বে কমিউনিস্ট পার্টি দুই মেয়াদে কেরালায় ক্ষমতায় ছিল। এবার তারা ধরাশায়ী হয়েছে কংগ্রেস জোটের কাছে।

কেরালায় সরকার গঠনের পর ভারতজুড়ে বামপন্থীদের প্রভাব বাড়তে থাকে। তার ধারাবাহিকতায় ১৯৭৭ সালে পশ্চিমবঙ্গে বামফ্রন্টের টানা শাসন শুরু হয়। ত্রিপুরায় বামের পতাকা ওড়ে ১৯৯৩ সালে। এরপরই যেন কী হয়ে গেল। বামদের প্রভাব কমতে থাকে, জনমানুষের মন থেকে মুছে যেতে শুরু করে তারা। ২০১১ সালে মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে তৃণমূল কংগ্রেস বামদের হটিয়ে সরকারে আসে। এর মাধ্যমে এই রাজ্যে শেষ হয় বামদের টানা ৩৪ বছরের শাসন। ২০১৮ সালে ত্রিপুরাও হাতছাড়া হয় বামদের। আর এবার হাতছাড়া হলো শেষ দুর্গ, কেরালা।

বামদের এই দুরবস্থার কারণ চিহ্নিত করা এখন নিঃসন্দেহে সময়ের দাবি। মোটাদাগে এটুকু বলে দেওয়া যায়, বামেরা ধীরে ধীরে জনবিচ্ছিন্ন হয়ে পড়ছে। তারই প্রতিফলন হলো এ ফলাফল। তবে ভারতের পরিবর্তনশীল রাজনৈতিক ও মনো-সামাজিক বিষয়টিও মাথায় রাখতে হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে ভারতীয় জনতা পার্টি (বিজেপি) বেশ সফলভাবে ভারতজুড়ে তাদের হিন্দুত্ববাদী রাজনৈতিক মতাদর্শ ছড়িয়ে দিতে পেরেছে। বামদের পতনে এটাও একটি বড় ফ্যাক্টর হয়ে থাকতে পারে। তবে এটাই যে বড় কারণ, সেটা বলা যাবে না। কারণ, এই রাজ্যের প্রতিবেশী তামিলনাড়ুতে কিন্তু ঘটেছে অনেকটা এরপর ২৪ পৃষ্ঠায়



অবশ্য যেভাবে ভারতের রাজ্যে রাজ্যে বিজেপির জয়রথ চলছে, তাতে হয়তো অদূর ভবিষ্যতে তামিলনাড়ুতেও বিজেপি সরকার দেখা যাবে। সে ভিন্ন কথা। মূল প্রসঙ্গ হলো, বামেরা আর ভারতের কোনো সরকারেই নেই। এই না থাকাটাই বড় অশনিসংকেত তাদের জন্য। কারণ, কেরালা বাদে বাকি যে দুই রাজ্য বামেদের ছিল, সেখানে দীর্ঘদিন শাসন করার পর তারা বলতে গেলে ক্ষমতা থেকে হারিয়ে যাচ্ছে। কেরালা ভিন্ন। এখানে বারবার কংগ্রেস আর বামেরা ক্ষমতায় এসেছে। যদি রাজনীতিটা ঠিকঠাক এবার গুছিয়ে নিতে পারে বামেরা, তাহলে হয়তো পরবর্তী বিধানসভা নির্বাচনের পর আবার কেরালায় বাম সরকার দেখা যেতে পারে। কিন্তু রাজনীতি গোছাতে না পারলে, জনঘনিষ্ঠতা বাড়াতে না পারলে ভারত থেকে বামদের মুছে যাওয়ার দিন আর বেশি নেই


দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
• ওমরাহ প্যাকেজ
• ওমরাহ ভিসা
• মোয়াল্লেম
• হোটেল ও ট্রান্সপোর্ট
বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯
JFK-Dhaka-JFK Return
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS
Emirates
KUWAIT AIRWAYS
Mohammad B Hossain (Belal)
President & CEO
বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
জামান রঞ্জু
ট্রাভেল কনসালটেন্ট
কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
মাহির
ট্রাভেল কনসালটেন্ট
জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
নিলয়
ট্রাভেল কনসালটেন্ট
NEW YORK OFFICE
73-05 37th Road,
Jackson Heights
NY 11372
ATLANTA OFFICE
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753
DHAKA OFFICE
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872
Phone: 917-396-4140, 917-592-7828

# ইরান-মার্কিন সংঘাত এবং শান্তির ভঙ্গুর অন্বেষণ

মেজর জেনারেল এইচআরএম রোকন উদ্দিন (অব.)

মধ্যপ্রাচ্য আবারও একটি ভূরাজনৈতিক ভূমিকম্পের কেন্দ্রে। ২০২৬ সালের ২৮ ফেব্রুয়ারি থেকে যুক্তরাষ্ট্র ও ইসরাইল ইরান ও তার আঞ্চলিক মিত্রদের সঙ্গে যুদ্ধে লিপ্ত, যা শুরু হয় ইরানের সামরিক ও সরকারি স্থাপনায় বিমান হামলার মাধ্যমে এবং সর্বোচ্চ নেতা আলী খামেনিসহ বেশ কয়েকজন ইরানি কর্মকর্তাকে হত্যার মধ্য দিয়ে। যা ঘটেছে তা আঞ্চলিক শৃঙ্খলাকে এমনভাবে পুনর্গঠন করেছে, যা পুরোপুরি বুঝতে বছরের পর বছর লেগে যাবে।

এ সংকটের শিকড় অনেক গভীরে। ২০২০ সালের জানুয়ারিতে প্রেসিডেন্ট ট্রাম্প কুদস ফোর্সের কমান্ডার কাসেম সোলেইমানিকে হত্যার নির্দেশ দেওয়ার পর থেকে উত্তেজনা বাড়তে থাকে এবং ২০২৩ সালের ৭ অক্টোবর হামাসের ইসরাইলে হামলা ও গাজা যুদ্ধের সূচনার পর তা আরও তীব্র হয়। ২০২৬ সালের ফেব্রুয়ারিতে হামলা শুরু হওয়ার সময় অঞ্চলটি বছরের পর বছর ধরে ধিকিধিকি জ্বলছিল। হামলার সময় ইরানি শাসনব্যবস্থা কয়েক বছরের মধ্যে তার সবচেয়ে দুর্বল অবস্থানে ছিল-দেশের অভ্যন্তরে ব্যাপক বিক্ষোভ, দুর্বল অর্থনীতি এবং ভঙ্গুর অবকাঠামো পরিস্থিতি আরও জটিল করে তুলেছিল এবং ইরানের আঞ্চলিক মিত্ররা, বিশেষত ২০২৩ সাল থেকে ইসরাইলি সামরিক অভিযানের কারণে উল্লেখযোগ্যভাবে দুর্বল হয়ে পড়েছিল।

হামলাগুলো মোটেই আকস্মিক ছিল না। আইডিএফ মুখপাত্র ব্রিগেডিয়ার জেনারেল এফি ডেফরিন জানান, মাসের পর মাস যুক্তরাষ্ট্র ও ইসরাইল যৌথভাবে স্যাটেলাইট চিত্র 'কৌশলগত ও অপারেশনাল বিভ্রান্তি' তৈরি করে যুদ্ধের প্রস্তুতি নেয়। প্রথম হামলার মধ্যে আধা মিনিটেরও কম সময়ে ইরানি কর্মকর্তাদের তিনটি পৃথক সমাবেশে আঘাত হানা হয়। খামেনি ২৮ ফেব্রুয়ারি নিহত হন; ১ মার্চ ইরানি রাষ্ট্রীয় গণমাধ্যম তার মৃত্যু ঘোষণা করে এবং জানায়, তার কন্যা, জামাতা, নাতি-নাতনি ও পুত্রবধূও নিহত হয়েছেন। ইরানের প্রতিক্রিয়া ছিল দ্রুত ও বিস্তৃত। প্রতিশোধ হিসাবে ইসরাইল, বাহরাইন, জর্ডান, কুয়েত, কাতার, সৌদি আরব ও সংযুক্ত আরব আমিরাতে মার্কিন সামরিক ঘাঁটিগুলোতে শত শত ড্রোন ও ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করে ইরান। এর সবচেয়ে প্রভাবশালী পদক্ষেপটি ছিল সামরিক নয়, বরং কৌশলগত: ইরান হরমুজ প্রণালি বন্ধ করে দেয়, যা জ্বালানিসহ পণ্য পরিবহণের একটি প্রধান বৈশ্বিক বাণিজ্য পথ। অর্থনৈতিক পরিণতি তাৎক্ষণিক ও গুরুতর ছিল। বিশ্বের মোট পেট্রোলিয়ামের প্রায় ২০ শতাংশ এবং তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের ২০ শতাংশ এ প্রণালি দিয়ে পরিবাহিত হয়, আর যুদ্ধের আগে প্রতি মাসে প্রায় ৩ হাজার জাহাজ এটি ব্যবহার করত; এখন সেই সংখ্যা মাত্র ৫ শতাংশে নেমে এসেছে। এতে বৈশ্বিক তেল ও গ্যাসের দাম বেড়ে গেছে, যা রাশিয়া ও সাময়িকভাবে ইরানের জন্য সুবিধাজনক হয়েছে।

ট্রাম্প প্রশাসন যুদ্ধ শুরুর একাধিক কারণ দেখিয়েছে। এর মধ্যে ছিল ইসরাইলের প্রত্যাশিত হামলার পর ইরানের প্রতিশোধ ঠেকানো, একটি আসন্ন ইরানি হুমকি থামানো, ইরানের ক্ষেপণাস্ত্র সক্ষমতা ধ্বংস করা এবং পারমাণবিক অস্ত্র তৈরি থেকে বিরত রাখা। উল্লেখযোগ্যভাবে, হামলাগুলো চালানো হয়েছিল ইরান ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে পারমাণবিক কর্মসূচি নিয়ে চলমান আলোচনার মাঝেই। হামলার পর ট্রাম্পের দাবি আরও কঠোর হয়-৬ মার্চ তিনি লেখেন : 'ইরানের নিঃশর্ত আত্মসমর্পণ ছাড়া কোনো চুক্তি হবে না!' এবং ২১ মার্চ, তারপর ২৩ মার্চ, তারপর ৭ এপ্রিল-একের পর এক সময়সীমা বেঁধে দেন।



৮ এপ্রিল একটি টার্নিং পয়েন্ট আসে, যখন পাকিস্তান একটি শর্তাধীন যুদ্ধবিরতির মধ্যস্থতা করে। ইরান ৪৫ দিনের দুই পর্যায়ের যুদ্ধবিরতি কাঠামোর খসড়া প্রস্তাব প্রত্যাখ্যান করে নিজস্ব ১০ দফা পরিকল্পনা পেশ করে এবং যুক্তরাষ্ট্র ও ইরান দুই সপ্তাহের বিরতিতে সম্মত হয়। কিন্তু যুদ্ধবিরতি সঙ্গে সঙ্গে নতুন উত্তেজনা তৈরি করে। ১৩ এপ্রিল প্রণালিতে পালটা অবরোধ আরোপ করে যুক্তরাষ্ট্র এবং ট্রাম্প হুঁশিয়ারি দেন, ইরান যদি প্রণালি না খোলে, তবে ইরানি অবকাঠামোতে ব্যাপক হামলা চালানো হবে। অবরোধের প্রথম দুই সপ্তাহেই মার্কিন বাহিনী ৩৮টি জাহাজকে ফিরিয়ে দেয় বা বন্দরে ফেরত পাঠায়।

এপ্রিলের মাঝামাঝিতে ইসলামাবাদে অনুষ্ঠিত হয় আলোচনা, যেখানে মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স, বিশেষ দূত স্টিভ উইটকফ এবং জ্যারেড কুশনার অংশ নেন, যা কোনো চুক্তি ছাড়াই ভেঙে পড়ে। ভ্যান্স ১২ এপ্রিল বলেন, আলোচনায় কোনো চুক্তি হয়নি, আর ইরানের সংসদের স্পিকার ঘালিবাফ জানান আস্থা প্রতিষ্ঠিত হয়নি। তারপর থেকে দুপক্ষ মূলত মধ্যস্থতাকারী ও সামাজিকমাধ্যমে যোগাযোগ করছে। ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি পাকিস্তান, ওমান, সৌদি আরব ও রাশিয়া সফর করেছেন এবং ওয়াশিংটন 'সত্যিই কূটনীতির ব্যাপারে গুরুতর কিনা', তা নিয়ে সন্দেহ প্রকাশ করেছেন।

আর্থিক ক্ষতির হিসাবও সামনে আসছে। পেন্টাগনের কম্পট্রোলার জে হার্স্ট কংগ্রেসের সদস্যদের জানিয়েছেন, ইরান অভিযানের এ পর্যন্ত খরচ হয়েছে ২৫ বিলিয়ন ডলার। এ সংখ্যা হরমুজ প্রণালি বন্ধের কারণে সৃষ্ট বৃহত্তর অর্থনৈতিক ক্ষতি বা উপসাগরীয় জ্বালানি অবকাঠামোর ব্যাপক বিপর্যয় ধারণ করে না।

পারমাণবিক প্রশ্নে-যা পুরো বিরোধের মূলে-যুক্তরাষ্ট্রের অবস্থান এখনো অনেক দূরে। এরপর ২৪ পৃষ্ঠায়



‘পারমাণবিক সমৃদ্ধকরণের বিষয়ে নমনীয়তার সংকেত পাওয়া যাচ্ছে,’ তবে এটি ‘অস্থির নেতাদের’ ওপর নির্ভরশীল, যারা ‘শেষ মুহূর্তে মত বদলে ফেলতে পারেন।’ বিশ্ব উদ্বেগের সঙ্গে পরিস্থিতি পর্যবেক্ষণ করছে। হরমুজ প্রণালির প্রশ্নটি একাই বাহরাইন থেকে ব্রিটেন, রাশিয়া থেকে চীন-সবাইকে সক্রিয় করে তুলেছে, কারণ সবার স্বার্থ জড়িয়ে আছে এ সংকটের সমাধানে। ট্রাম্প বলেছেন, যুদ্ধ ‘খুব শিগগির’ শেষ হবে, কিন্তু ইতিহাস বলে, মঞ্চের আত্মবিশ্বাস খুব কমই আলোচনার টেবিলে প্রতিফলিত হয়। এ মুহূর্তে যুদ্ধবিরতি কোনোমতে টিকে আছে, আর বিশ্ব অপেক্ষায় আছে দেখার জন্য যে, পারস্পরিক চাপের খেলায় আটকে থাকা দুটি প্রতিপক্ষ সম্মানজনক কোনো পথ খুঁজে পাবে, নাকি আবার অতল গহ্বরের দিকে এগিয়ে যাবে

# গণমাধ্যমের স্বাধীনতায় কাঠামোগত সংস্কার কেন দরকার

গণমাধ্যমের স্বাধীনতা কোনও বিমূর্ত ধারণা নয়। এটি গণতান্ত্রিক জীবনের একটি বাস্তব প্রয়োজন। যখন সাংবাদিকতা স্বাধীনতা ও বিশ্বাসযোগ্যতার সঙ্গে কাজ করে, তখন এটি প্রতিষ্ঠানগুলোকে শক্তিশালী করে, জনআলোচনাকে সমৃদ্ধ করে এবং জবাবদিহি নিশ্চিত করে। আর যখন এটি সীমাবদ্ধতার মধ্যে কাজ করে, তখন তার প্রভাব গণমাধ্যম খাতের বাইরেও বিস্তৃত হয়। বাংলাদেশের গণমাধ্যম পরিসর এখন এমন এক পর্যায়ে রয়েছে যেখানে এই টানাপোড়েন স্পষ্টভাবে দৃশ্যমান। চ্যালেঞ্জগুলো নতুন নয়, অতিক্রম অযোগ্যও নয়। তবে সেগুলো মোকাবিলা করতে হলে বক্তব্যের বাইরে গিয়ে কাঠামোগত বাস্তবতায় মনোযোগ দিতে হবে, যা সাংবাদিকতার চর্চাকে নির্ধারণ করে। সামনের দিকটি অস্পষ্ট নয়। কিন্তু প্রশ্ন রয়ে গেছে-বাস্তব সংস্কারের গতি শেষ পর্যন্ত এই মুহূর্তের জরুরি প্রয়োজনীয়তার সঙ্গে তাল মিলাতে পারবে কিনা

শাহরীন হক

বিচ্ছিন্ন ঘটনা বা সাময়িক রাজনৈতিক পরিবর্তনের মাধ্যমে গণমাধ্যমের স্বাধীনতার বর্তমান অবস্থা বোঝা যায় না। এটি একটি গভীর কাঠামোগত বাস্তবতার প্রতিফলন-যা আইন, অর্থনীতি, মালিকানা কাঠামো এবং দ্রুত পরিবর্তনশীল তথ্য পরিবেশের পারস্পরিক প্রভাবিত।



ফলস্বরূপ গণমাধ্যমের জন্য এমন এক পরিবেশ তৈরি হয়েছে, যা উপরিভাগে বহুমাত্রিক মনে হলেও বাস্তবে সীমাবদ্ধ। যেখানে সাংবাদিকতার সীমানা অনেক সময় সম্পাদকীয় বিবেচনার মতোই প্রাতিষ্ঠানিক চাপ দ্বারা নির্ধারিত হয়। এর ফলে জনসাধারণের আস্থা ধীরে ধীরে হ্রাস পাচ্ছে।

বাংলাদেশে গণমাধ্যমের স্বাধীনতা নিয়ে আলোচনা হলেই রাজনৈতিক হস্তক্ষেপের বিষয়টি উঠে আসে। যদিও এটি সমস্যার মাত্র একটি অংশ। এমনকি, এটি গোটা চিত্রটি ব্যাখ্যা করে না। গণমাধ্যম শিল্পের নিজস্ব কাঠামোই এখানে নির্ধারক ভূমিকা পালন করে।

দেশে থাকা গণমাধ্যমগুলোর একটি বড় অংশ বৃহৎ ব্যবসায়িক গোষ্ঠীর নিয়ন্ত্রণে রয়েছে-যাদের স্বার্থ সাংবাদিকতার সীমা ছাড়িয়ে বিস্তৃত। এই প্রেক্ষাপটে সম্পাদকীয় স্বাধীনতা ও বৃহত্তর কৌশলগত বিবেচনার মধ্যকার সীমারেখা অস্পষ্ট হয়ে যেতে পারে। কী বিষয় গুরুত্ব পাবে, কী নরমভাবে উপস্থাপন করা হবে, আর কী বাদ দেওয়া হবে-এই সিদ্ধান্তগুলো সবসময় শুধু নিউজরুমেই নেওয়া হয় না।

এই প্রভাব খুব কমই সরাসরি সেন্সরশিপের আকারে দেখা যায়। এটি তার চেয়েও সূক্ষ্ম। তাই মোকাবিলা করাও আরও কঠিন। যেগুলো প্রভাবশালী স্বার্থকে অস্বস্তিতে ফেলতে পারে-এমন খবর কখনও কখনও প্রকাশিতই হয় না। আবার উপস্থাপনা করা হলেও বিষয়গুলোকে কম গুরুত্ব দেওয়া হয়।

আর্থিক বাস্তবতাও এই প্রবণতাকে আরও জোরদার করে। অনেক গণমাধ্যম প্রতিষ্ঠান বিভিন্ন মাত্রায় রাষ্ট্র সংশ্লিষ্ট বিজ্ঞাপনী আয়ের ওপর নির্ভরশীল, যা একটি অন্তর্নিহিত দুর্বলতা তৈরি করে। স্পষ্ট চাপ না থাকলেও এই কাঠামো নিজেই আত্মনিয়ন্ত্রণকে উৎসাহিত করে। এই অর্থে বাংলাদেশে গণমাধ্যমের স্বাধীনতার চ্যালেঞ্জ শুধু রাজনৈতিক নয়, এটি প্রাতিষ্ঠানিকও।

বিভিন্ন আইনও গণমাধ্যমের সীমাবদ্ধতাকে আরও প্রকট করে। সময়ের সঙ্গে সঙ্গে একাধিক আইন এমন একটি কাঠামো তৈরি করেছে, যা সংবাদ পরিবেশনকে অনিশ্চিত করে তুলে।

পূর্বে ওয়ারেন্ট ছাড়াই গ্রেফতারের অনুমতি, ডিভাইস জব্দের ক্ষমতা এবং ডিজিটাল তথ্যের অ্যাক্সেস সংক্রান্ত বিধান করা হয়েছিল। এসব আইন সাংবাদিকদের সূত্র সুরক্ষার বিষয়ে উদ্বেগ তৈরি করে। এই আইনগুলোর প্রভাব কোনও বিমূর্ত ধারণা নয়। সাংবাদিকরা গুরুতর অভিযোগে আইনি প্রক্রিয়ার মুখোমুখি হয়েছেন, যা তাদের পেশাগত পরিধির অনেক বাইরে পর্যন্ত বিস্তৃত।

অনেকের ক্ষেত্রে পুরো প্রক্রিয়াটিই শাস্তিতে পরিণত হয়। দীর্ঘমেয়াদি আইনি লড়াই, সুনামহানি এবং পরবর্তী সময়ে কী ঘটতে পারে-এই অনিশ্চয়তার চাপ। এমন পরিবেশে গণমাধ্যমকর্মীদের আরও ভাবিয়ে তুলে।

কেবল জনস্বার্থের ভিত্তিতে খবর পরিবেশন করা হয় না। খবর প্রকাশের আগেই সম্ভাব্য পরিণতিও বিবেচনা করা হয়। এই প্রেক্ষাপটে নীরবতা খুব কমই সরাসরি চাপিয়ে দেওয়া হয়; বরং তা অনেক সময় নিজেই আত্মস্থ হয়ে যায়। এই চাপগুলো একত্রিত হতে থাকলে এর প্রভাব শুধু নিউজরুমের মধ্যেই সীমাবদ্ধ থাকে না-এটি জনপরিসরেও বিস্তৃত হয়।

গণমাধ্যমের ওপর আস্থা একদিনে হারিয়ে যায় না, এটি ধীরে ধীরে কমতে থাকে-যা বছরের পর বছর ধরে হওয়া পক্ষপাত, নির্বাচিত সংবাদ উপস্থাপন এবং প্রতিধ্বনী বয়ানের মাধ্যমে গঠিত হয়। দর্শকরা তখন শুধু যা দেখছেন তার যথার্থতা নিয়েই প্রশ্ন তুলে না, বরং তার পূর্ণতা নিয়েও সন্দিহান হয়ে ওঠে। যা অনুপস্থিত, তা উপস্থিত তথ্যের মতোই গুরুত্বপূর্ণ হয়ে ওঠে। আস্থার হ্রাস আরও বিস্তৃত ও গভীর প্রভাব বহন করে।

নির্ভরযোগ্য তথ্যের ওপর ভরসা করতে না পারা মানুষটি শাসনব্যবস্থা, জবাবদিহি এবং অধিকার সংক্রান্ত বিষয়ে সঠিকভাবে সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে কম সক্ষম হয়ে পড়ে। আর যখন নজরদারি বা যাচাই-বাছাই অসম হয়ে পড়ে, তখন জবাবদিহি দুর্বল হয়ে যায়। যেসব বিষয় ধারাবাহিক অনুসন্ধানের দাবি রাখে, সেগুলো অনেক সময় পর্যাপ্তভাবে আলোচিত হয় না। বিপরীতে স্বার্থ দ্বারা প্রভাবিত বয়ানগুলো বেশি গুরুত্ব পেয়ে যায়। এভাবেই গণমাধ্যমের স্বাধীনতার ওপর থাকা সীমাবদ্ধতাগুলো বৃহত্তর শাসন ব্যবস্থাগত চ্যালেঞ্জে রূপ নেয়।

এই পরিস্থিতিকে আরও জটিল করছে ডিজিটাল ল্যান্ডস্কেপ। সোশ্যাল প্ল্যাটফর্মগুলো তথ্যকে আরও সহজলভ্য করেছে। তবে একইসঙ্গে এটিকে আরও বিশৃঙ্খলও করে তুলেছে। ভুল তথ্য এবং ইচ্ছাকৃতভাবে ছড়ানো বিভ্রান্তিকর তথ্য এখন যাচাইকৃত প্রতিবেদনের চেয়েও দ্রুত ছড়িয়ে পড়ে। অনেক সময় সত্য তথ্য পৌঁছানোর আগেই তা জনগণের কাছে পৌঁছে যায়।

এই অবিরাম তথ্যপ্রবাহ মানুষকে কঠিন বাস্তবতার মধ্যে ফেলে দিচ্ছে। কোনটি বিশ্বাসযোগ্য এরপর ২৯ পৃষ্ঠায়





www.nyboimela.org
বইমেলার ৩৫ বছর
যত বই তত প্রাণ
নিউ ইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা ২০২৬
NEW YORK INTERNATIONAL BANGLA BOOK FAIR 2026
•২২ মে, ২০২৬
বিকেল ৬টা থেকে রাত ১১টা
•২৩-২৫ মে, ২০২৬
সকাল ১১টা থেকে রাত ১১টা
স্থান Jamaica Performing Arts Center (JPAC)
153-10 Jamaica Ave, Jamaica, NY 11432
[ Take the E Train to Jamaica Center- Persons/Archer Ave station, and exit via 153rd Street & Archer Ave ]
শ্রদ্ধাঞ্জলি
জন্মশতবর্ষ
শামসুদ্দীন আবুল কালাম
মহাশ্বেতা দেবী
উদ্বোধক
ইমদাদুল হক মিলন
প্রধান অতিথি
অধ্যাপক রেহমান সোবহান
বিশেষ অতিথি
বব হোলম্যান
সুবোধ সরকার
ফারুক মঈনউদ্দীন
দীপেন ভট্টাচার্য্য
তৌফিক ইমরোজ খালিদী
সাদাত হোসাইন
সম্মানিত অতিথি
অধ্যাপক ড. রওনক জাহান
ফরিদুর রেজা সাগর
আমন্ত্রিত শিল্পী
অদিতি মহসিন
আমন্ত্রিত লেখক
ড. আবদুন নূর ॥ অধ্যাপক মোস্তফা সারওয়ার
গৌতম দত্ত ॥ কৌশিক সেন ॥ অধ্যাপক বিরূপাক্ষ পাল
নজরুল মিন্টো ॥ অধ্যাপক সৌরভ সিকদার ॥ রুমা মোদক
জাফর আহমদ রাশেদ ॥ মোকারম হোসেন
অধ্যাপক শামীম রেজা ॥ রুদ্র শংকর ॥ ফারুক আহমেদ
আশিক মুস্তফা ॥ পারমিতা হিম
আমন্ত্রণে
ড. নজরুল ইসলাম
আহ্বায়ক, ৩৫তম নিউ ইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা
অধ্যাপক জিয়াউদ্দিন আহমেদ
চেয়ারপারসন
মুক্তধারা ফাউন্ডেশন
বাংলাদেশ, পশ্চিমবঙ্গ ও যুক্তরাষ্ট্রের ২৫টি প্রকাশনা সংস্থার অংশগ্রহণ
অঙ্কুর প্রকাশনী ॥ অন্বয় প্রকাশ ॥ অভ্র প্রকাশন ॥ অনন্যা ॥ আহমদ পাবলিশিং হাউস ॥ ইত্যাদি গ্রন্থ প্রকাশ ॥ ইউনিভার্সিটি প্রেস লিমিটেড ॥ কথাপ্রকাশ
কাকলী প্রকাশনী ॥ কাশবন প্রকাশন ॥ কবি প্রকাশনী ॥ গ্রন্থকুটির ॥ জলধি ॥ নালন্দা ॥ প্রথমা প্রকাশন ॥ বেঙ্গল বুকস ॥ বাতিঘর ॥ বিদ্যাপ্রকাশ
মাওলা ব্রাদার্স ॥ সময় প্রকাশন ॥ সম্পর্ক পাবলিশার্স ॥ সাহিত্যম ॥ ইসলাম ইন্টারন্যাশনাল পাবলিকেশন ॥ পিজ্জা এন্ড পোয়েট্রি ॥ মুক্তধারা নিউ ইয়র্ক
আয়োজক
মুক্তধারা ফাউন্ডেশন
Muktadhara Foundation
www.nyboimela.org
Email: nyboimela@gmail.com
Media Partner
CHANNEL i
Principal Patrons
Dr. Ziauddin Ahmed
Dr. Fatema Ahmed
GFB GROUP
Asabur Rahman Sabu
Mita Rahman
ফোন
1 (347) 735-0405, 1 (610) 203-9695
1 (347) 235-3837, 1 (646) 255-2397
1 (646) 323-3223, 1 (347) 656-5106
শিশু কিশোরদের জন্য
1 (347) 864-1218

# বাড়ি ক্রয়-বিক্রয়ের কথা ভাবছেন?

## সিদ্ধান্ত নেয়ার এখনই সঠিক সময়

আমরা কম সময়ের মধ্যে আপনার বাড়ি সর্বোচ্চ মূল্যে বিক্রয় করতে সহায়তা করতে পারি।



আপনি (৩% থেকে ৩.৫% ডাউন পেমেন্টে) FHA লোন
সেলফ এমপ্লয়েরা ৫% ডাউন পেমেন্টে (শুধু ২০২৫ সালের ট্যাক্স ফাইল দিয়ে)
এবং ইনকাম না থাকলেও ২০% ডাউন পেমেন্ট দিয়ে বাড়ি কিনতে পারেন।

**কামরুজ্জামান বাচ্চু**
**KAMRUZ ZAMAN BACCU**
Licensed Real Estate Salesperson

**347.465.3220**
kamruzbaccu1@gmail.com



**Buying/Selling:**
Residential, Commercial
Investment, HUD
Auctions, Foreclosures
REO/Bank Owned
Houses, Short Sale &
Stop Foreclosure.

**Rental:**
Cash, W-2
CityPHEPS
PHEPS
Section-8 &
other
programs

MLS

ISLAND ADVANTAGE REALTY
360 Motor Parkway Suite 200A, Hauppauge, NY 11788, 631.351.6000

# House & Co-Ops For Sale

| Address | Beds & Baths | Asking Price |
|---|---|---|
| 163 Emily Avenue, Elmont, NY 11003 | 4 Bedrooms, 2 bathrooms | $850,000 |
| 830 Hendrix Street, Brooklyn, NY 11207 | 9 Bedrooms, 3 bathrooms | $999,900 |
| 1715 St Peters Ave, Bronx, NY 10461 | 10 Bedrooms, 6 bathrooms 4 Family House | $1,499,000 |
| 3321 Fish Ave, Bronx, NY 10469 (Bricks) | 2 family 4 beds over 3 beds+ semi-basement,driveway | $995,000 |
| 97 Pardee Ave., Islip, NY 11751 | 3 Bedrooms, 2 bathrooms | 499,000 |
| 20 Whitman Avenue, Islip, Long Island | 1 Family | $599,000 |
| 25-48 96th Street East Elmhurst | Three Family (Occupied) | $850,000 |
| 86-34 77 Street, Woodhaven | Two Family with violations | $603,200 |
| 112 East, 45 Street, Brooklyn | Two Family (Occupied) | $610,000 |
| 2801 Montauk Highway, Brookhaven | Mixed Used (Occupied) | 489,000 |
| 243-51 Cany Road, Rosedale | Two Family (Vacant, 3 beds/2baths over) | 1,200,000 |
| 32-12 Baywater Court, Far rockway | 1 Family (Occupied) | 299,950 |
| 1181 Ocean Ave, Bay shore | 1 Family (Vacant) | 630,000 |
| 14 Dongan Street, Staten Island | 1 Family (Vacant) | 515,000 |
| 166-25 Powells Cove Blvd #4D Beechhurst, NY 11357 | Co-Op, 2 Bedrooms, 2 bathrooms | $675,000 |

**We Have 200+ Regular, REO and Auction Houses For Sale**

আজই কল করুন, কামরুজ্জামান বাচ্চু (আইল্যান্ড এ্যাডভেন্টেজ রিয়েলটি)- ৩৪৭-৪৬৫-৩২২০







## আয় ব্যয়ের হিসেব প্রকাশের প্রতিশ্রুতি

৬৪ পৃষ্ঠার পর

বাংলাদেশি কমিউনিটির অবস্থান আরো সুদৃঢ়ভাবে তুলে ধরার লক্ষ্য নিয়ে শতাধিক সংগঠনের অংশগ্রহণে এ প্যারেড আয়োজন করা হচ্ছে। গত ২ মে সন্ধ্যায় জ্যাকসন হাইটসের 'সানাই পার্টি' সেন্টারে 'মিট দ্যা প্রেস' অনুষ্ঠানে কমিটির পক্ষ থেকে এসব তথ্য জানানো হয়। এতে বলা হয়, প্যারেডে অংশ নিতে বাংলাদেশ থেকে আসছেন অভিনেতা চঞ্চল চৌধুরী, অভিনেত্রী তিশা সোলায়মান, তানজিম তিশা ও নাজল নূর। মূলধারার রাজনীতিবিদদেরও আমন্ত্রণ জানানো হয়েছে। যার মধ্যে রয়েছেন নিউ ইয়র্কের গভর্নর ক্যাথি হোকুল, নিউ ইয়র্ক সিটি মেয়র জোহরান মামদানি, কংগ্রেসম্যান আলেকজান্ড্রিয়া ওকাসিও কর্টেজ, কংগ্রেসওম্যান গ্রেস মেং, কংগ্রেসম্যান টম সুয়াজি। ইতিমধ্যেই কংগ্রেসওম্যান গ্রেস মেং ও টম সুয়াজি নিশ্চিত করেছেন বলে তারা জানান।

আয়োজকরা জানান, ৬৯ স্ট্রিট থেকে ৩৭ অ্যাভিনিউ হয়ে ৮৭ স্ট্রিট পর্যন্ত এই প্যারেড অনুষ্ঠিত হবে। এতে থাকবে বাঙালি সংস্কৃতির নানা উপাদান নিয়ে সাজানো ফ্লোট, পাশাপাশি জনপ্রিয় শিল্পীদের নাচ-গান পরিবেশনা। নিরাপত্তার বিষয়ে জানানো হয়, নিউ ইয়র্ক পুলিশে কর্মরত বাংলাদেশি-আমেরিকান সহস্রাধিক অফিসার প্যারেডের শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিত করবেন।

প্যারেড কমিটির সদস্য সচিব ফাহাদ সোলায়মান অনুষ্ঠান সঞ্চালনা করেন। তিনি জানান, প্যারেড উপলক্ষে একটি কমিটি গঠন করা হয়েছে। তিনি বিভিন্ন পর্বে কমিটির সদস্যদের পরিচয় করিয়ে দেন। এক প্রশ্নের জবাবে ফাহাদ সোলায়মান বলেন, প্যারেডের বাজেট ধরা হয়েছে প্রায় ১ লাখ ডলার (৮৫ হাজার ডলার)। স্বচ্ছতা ও জবাবদিহিতার জন্য প্রয়োজন হলে প্যারেড শেষে আয় ব্যয়ের হিসেব প্রকাশ করা হবে।


সূচনা বক্তব্যে কমিটির চেয়ারম্যান অ্যাটর্নি মঈন চৌধুরী বলেন, ইতোমধ্যে ১২০টি সংগঠন ব্যানার-ফেস্টুনসহ অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন করেছে এবং আরো অনেকে অপেক্ষমাণ রয়েছেন। তার আশা, এবারের আয়োজন প্রবাসীদের জন্য একটি জমকালো ও ঐতিহাসিক অনুষ্ঠানে পরিণত হবে।

কনভেনর শিয়াব আহমেদ বলেন, নির্বাচিত জনপ্রতিনিধিরাও প্যারেডে অংশ নিতে পারেন। আয়োজনে আরো উপস্থিত ছিলেন গ্র্যান্ড মার্শাল এম আজিজ, প্যারেড কো-অর্ডিনেটর আব্দুল সোবহান, ইভেন্ট কো-অর্ডিনেটর ফেরদৌস রুবি, ফয়সাল আজিজ, বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা খান মেরাজ, শিবলী, আবুল ফজল দিদারুল ইসলাম, বাংলাদেশের জনপ্রিয় শিল্পী শুভ দেব, রাশেদ আহমেদ, আলী ফেরদৌস, দিলোয়ার হোসেন, আনিসুল কবীর জাসির, আব্দুর রশিদ বাবু, আহসান হাবিব, শাহাদাত হোসেন, নাজিম মিয়া, মোহাম্মদ সেলিম, আমিন খান জাকির, শাহ জে. চৌধুরী, মনজুরুজ্জামান চৌধুরী, বিপুল সাহা, হুমায়ুন কবীর ঢালী, নূরুল আজিম, নূর আমিন, একেএম রফিকুল ইসলাম জসিম, সরওয়ার খান বাবু, জাহাঙ্গীর সরওয়ার্দী, শাখাওয়াত বিশ্বাস, রিদওয়ান হক, নাসির আলী খান পল, ফারুক হোসেন মজুমদার, কাজী আমিনুল ইসলাম স্বপন, আলাউদ্দিন বুলু, রুহুল আমিন সরকার, খায়রুল খোকন, মাওলানা কাজী কাইয়ুম, সোহেল হোসেন, আকবর হায়দার কিরণ, নাসরীন আহমেদ, নাইমুল ইসলাম, দেওয়ান কাউসার, শিল্পী কবীর বকুল, আফতাব জনি প্রমুখ। এছাড়াও ছিল নতুন প্রজন্মের প্রতিনিধিরা।

সংবাদ সম্মেলনে এক প্রশ্নের জবাবে আয়োজকরা জানান, জ্যাকসন হাইটসের এই আয়োজনকে সফল ও স্মরণীয় করে তুলতে সর্বোচ্চ প্রস্তুতি নেওয়া হচ্ছে।

আয়োজকরা বলেন, 'বাংলাদেশ ডে প্যারেড' ঘিরে প্রবাসীদের মাঝে বইছে উৎসবের আমেজ। এই উদযাপনের মূল আকর্ষণ হিসেবে তৈরি করা হয়েছে একটি প্রাণবন্ত থিম সং, যার মাস্টারিংয়ের কাজ সম্প্রতি সম্পন্ন হয়েছে। দেশের প্রখ্যাত সুরকার ও সংগীত পরিচালক ইবরার টিপুর সুরে গানটিতে প্রাণ দিয়েছেন বর্তমান সময়ের জনপ্রিয় একঝাঁক কণ্ঠশিল্পী। তারা হলেন- কামরুজ্জামান বকুল, বিশ্বুকণা, শাহ মাহফুজ, তুনিয়া হাসান, কৃষ্ণা তিথী এবং নান্নু আকন্দ। গানটি রচনা করেছেন খ্যাতিমান শিশুসাহিত্যিক ও কবি হুমায়ুন কবীর ঢালী।

পুরো আয়োজনটির সার্বিক তত্ত্বাবধানে রয়েছেন 'বাংলাদেশ ডে প্যারেড'-এর সদস্য সচিব ফাহাদ সোলায়মান। তিনি আশা প্রকাশ করেন, এই থিম সংটি শুধু প্যারেডের দিনেই নয়, বরং প্রতিটি প্রবাসী বাঙালির হৃদয়ে দেশাত্মবোধের নতুন জোয়ার সৃষ্টি করবে।



## অভিবাসি নির্বাসন নিয়ে হোম্যানের হুঁশিয়ারি

৩ পৃষ্ঠার পর

এই বছরটায় বড় কিছু হবে। অভিবাসিরা নানা সমস্যায় জর্জরিত থাকা সত্ত্বেও হোম্যানের হুঁশিয়ারি পর নতুন করে আতঙ্কিত। কারণ কারা গণনির্বাসনের তালিকায় থাকছে তা কারো পক্ষে জানা সম্ভব হবে না।

## ক্রিকেটারসহ ৪ জনের শাস্তি

৪৩ পৃষ্ঠার পর

তৌহিদুল হক তৌহিদ (নোয়াখালী এক্সপ্রেসের সহ-স্বত্বাধিকারী)

* ধারা ২.৪.৬ -অ্যাকো পরিচালিত তদন্তে সহযোগিতা না করা বা ডিমান্ড নোটিশ মানতে ব্যর্থ হওয়া।
* ধারা ২.৪.৭ -তদন্তে বাধা দেওয়া, তথ্য গোপন করা বা তথ্য ধ্বংস করা।

অমিত মজুমদার (ঘরোয়া ক্রিকেটার)

* ধারা ২.২.১ -ক্রিকেট ম্যাচের ফলাফল, অগ্রগতি, পরিচালনা বা অন্য কোনো বিষয়ের ওপর বাজি ধরা, গ্রহণ করা বা তাতে অংশ নেওয়া।

রেজওয়ান কবির সিদ্দিকী (টিম ম্যানেজার)

* ধারা ২.২.১ -ক্রিকেট ম্যাচ সম্পর্কিত বেটিং কার্যক্রমে অংশ নেওয়া।

অভিযুক্তদের সাময়িক নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে। অভিযোগপত্র পাওয়ার পর থেকে ১৪ দিনের মধ্যে তাদের জবাব দিতে হবে।


ZILLUR TAX ACCOUNTING
& INSURANCE SERVICES
• Tax Filing & Payroll
• IRS Audit Assistance
• Insurance &
• Real Estate Services
Zillur Rahim
EA, CAA, MBA
IRS Enrolled Agent
• OUR SERVICES
☐ Personal Tax Filing
☐ Business Tax Filing
☐ New Business Setup
☐ Home & Business Insurance
☐ Immigration Services
☐ ITIN Number Application
☐ Notary Services
zillurincometaxnyc@gmail.com
www.zillurtaxandinsurance.com
Cell: 646-322-3254
Office: 718-374-3110
88-11 169 Street, 2nd Floor
Jamaica, NY 11432


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY
OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA
CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF
SHAH NAWAZ GROUP
SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

# Newaj Sharif Expanding Global Profile Growing in Contemporary Music

Anik Raj




A M M Newaj Sharif, a Bangladesh-born bass guitarist whose work spans live performance, studio collaboration, and cross-cultural programming, has recently received a series of recognitions across the United States and international music platforms, underscoring his sustained presence within the performing arts.

In May 2026, Sharif was honored in Queens, New York, where he received a special recognition award presented by The Beautiful Ladies of USA. The event, held at Al Aqsa Party Hall, acknowledged his performance work as a bass guitarist and his role in developing contemporary musical arrangements that integrate elements of rock, pop, rhythm-based structures, and melodic composition.

The recognition was presented by business leader Shah Nawaz, alongside Rano Amena Nawaz, with the program hosted by DJ Rahat. The event brought together members of the South Asian cultural community, reflecting the continued visibility of Sharif's work within diaspora-based artistic networks.

This recognition follows formal acknowledgment by the New York State Assembly in April 2026, where Sharif received both a Certificate of Merit and an official Proclamation from Assemblywoman Jenifer Rajkumar. The recognition cited his consistent performance record, technical discipline, and contributions to collaborative musical production.

Sharif's recent honors also include the Gemini Award 2025 for Best Bass Guitarist, awarded in New York based on professional activity, performance consistency, and measurable contribution to music through bass guitar performance.

Additional recognitions across his career include the Global Music Appreciation Award (2023), the NRB Award (2023), and the Dhallywood Film and Music Awards (2023 and 2024), reflecting evaluation across multiple industry and community platforms.

Within contemporary music production, the role of the bass guitarist is often foundational rather than front-facing. Sharif's work is situated within this structural function, contributing to rhythm, harmonic balance, and the overall cohesion of ensemble performance. Industry observations and formal recognitions have highlighted his ability to maintain consistency across diverse musical settings, including live stage performance and collaborative production environments.

His musical approach incorporates a range of genres, including rock, Continued on page 26

## Health Minister Sakhawat Husain's Bold Leap into Bio-Innovation



Dhaka Office

In the face of an ever-evolving public health landscape, leadership is often defined by the courage to embrace the future. For years, Bangladesh has grappled with the shadow of dengue—a seasonal scourge that has claimed far too many lives and strained our healthcare infrastructure. Today, however, a new narrative is being written. Under the visionary guidance of Health and Family Welfare Minister Sarder Md Sakhawat Husain, Bangladesh is moving beyond traditional "reactive" medicine and stepping into the vanguard of global bio-innovation.

The Minister's recent announcement regarding the Wolbachia pilot project marks a historic shift in Continued on page 28

## Bangladesh should move up the global value chain: ADB

Ajkal Desk

Bangladesh needs to move up the global value chain (GVC), with fresh policy measures aiming to support this by promoting diversification and higher value-added activities, according to a new Asian Development Bank (ADB) study.

The study on GVCs, growth, and inequality was released Tuesday>

From a trade and GVC perspective, Bangladesh has become heavily dependent on readymade garment (RMG) exports, with apparel making up over 80 percent of total exports, while the share of textiles has declined.

The country's participation in the textiles and textile products GVC is also concentrated in low-value downstream work, mainly assembling and finishing imported materials. According to ADB data, compared with other major textile exporters in developing Asia and the Pacific, Continued on page 26



## Mamdani admin to transform two Brooklyn streets into bike boulevards

Ajkal Desk

Two heavily used bike corridors cutting across several Brooklyn neighborhoods are set to be transformed by Mayor Zohran Mamdani's Department of Transportation later this year, amNewYork has learned. As pictured, a bicyclist travels along Dean Street in Brooklyn, one of the two roadways.

Photo by Ethan Stark-Miller

Two heavily used bike corridors cutting across several Brooklyn neighborhoods are set to be transformed by Mayor Shoran Mamdani's Department of Transportation later this year, amNewYork first learned. Mamdani revealed on Wednesday morning that DOT plans to redesign 10-mile stretches of Bergen and Dean Streets, both of which currently have painted bike lanes, a proposal that will include what are known as bike boulevards, his office shared with amNewYork ahead of its planned announcement.

The redesigns will overhaul both corridors, with Bergen Street going west and Dean going east, between East New York Avenue in Ocean Hill and Court Street in Cobble Hill, according to DOT officials.

The planning process is still in the very early stages, with DOT just beginning public outreach to develop its designs, which it plans to unveil later this year, officials said. The agency launched an online portal to collect public feedback as a Continued on page 26

## The biggest obstacle to an Iran deal may be Trump's ego

Ajkal Desk

President Donald Trump's constant belittling of Iranian leaders is alarming some Arab and U.S. officials familiar with the Middle East who worry that such insults could prove a major obstacle to truly ending a war that has strained the world economy.

At the core of their concern is whether Trump is willing to show Tehran's Islamist leaders enough respect to let them claim some level of victory, even if they agree to U.S. demands that leave them militarily weaker.

But Trump's history of nursing grudges, ridiculing opponents and insisting he wins everything doesn't bode well for those hoping diplomacy can bring the war to a close, according to interviews with 10 current and former U.S. and Arab officials.

"He badly wants this to end," a senior Gulf Arab official familiar with the peace talks said of Trump. "But the Iranians are so far refusing to give him what he needs to save face and leave. And he does not seem to understand that they need to save face, too."

Like several others, the official was granted anonymity to discuss sensitive diplomatic issues. Some have direct experience dealing with Iran and said that while face-saving is important in any diplomatic negotiation, it's Continued on page 26









Transit advocates rallied in favor of expanding the city's reduced-priced fare program

# Mamdani admin officials say City Council's Fair Fares automatic enrollment bill raises privacy issues

Ajkal Desk

Officials with Mayor Zohran Mamdani's administration on Wednesday raised concerns about a City Council bill requiring them to come up with an automatic enrollment process for the city's reduced fair program — Fair Fares — citing privacy considerations.

Rebecca Chew, chief program officer for the city's Human Resources Administration (HRA), the city agency that runs the program, testified to council members during a May 6 hearing that the agency's legal obligations to safeguard private information could pose challenges to implementing the legislation as written.

"We very much believe in people's right to free agency and to privacy in their personal information," Chew said. "So when they're applying for a public benefit, we have to protect that information."



The measure — sponsored by City Council Member Crystal Hudson (D-Brooklyn) — would require the Department of Social Services (DSS), which encompasses HRA, to come up with a plan for establishing an automatic enrollment system for benefits programs it administers, including Fair Fares. Proponents of automatic enrollment say it could greatly increase the number of people participating in Fair Fares, as the program has struggled to get a majority of those eligible to sign up since it was launched in 2019. Chew said that as of March, 380,000 New Yorkers were using Fair Fares — nearly 40% of the 1 million New Yorkers who qualify.

